

# বামন পুকুর হুমায়ূন কবীর মহাবিদ্যালয়

মূল্যায়ন (Assessment) কেন্দ্রিক প্রশ্ন

বি এ (অনার্স) (বাংলা) CC-2(BNGACOR02T)

প্রগাধুনিক বাংলা সাহিত্য পাঠ

প্রথম সেমেস্টার

দেবরাজ হওলাদার

সহ: অধ্যাপক, বাংলা বিভাগ

১। বৈষ্ণব পদাবলী : একটি প্রশ্নের উত্তর দাও ১০

ক। বৈষ্ণব সাহিত্যে রস বলতে কি বোঝ ? পঞ্চরসের প্রকার ভেদের করণ লিখে শ্রেষ্ঠ রসের পরিচয় দাও /মুখ্য রসের প্রকার ভেদ করে শ্রেষ্ঠ রসের পরিচয় দাও ।

খ। অভিসার বলতে কি বোঝ ? অভিসার পর্যায়ের তত্ত্বগত তাৎপর্য লিখে এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তার পরিচয় দাও/শ্রেষ্ঠ পদের কাব্যসৌন্দর্য ব্যাখ্যা করো ।

গ। পূর্বরাগ বলতে কি বোঝ ? পূর্বরাগ পর্যায়ের তত্ত্বগত তাৎপর্য লিখে এই পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তার পরিচয় দাও/শ্রেষ্ঠ পদের কাব্যসৌন্দর্য ব্যাখ্যা করো ।

ঘ। গৌরচন্দ্রিকা বলতে কি বোঝ ? গৌরচন্দ্রিকা ও গৌরাজ বিষয়ক পদের পার্থক্য লেখ/সকল গৌরচন্দ্রিকা গৌরাজ বিষয়ক পদ হলেও সকল গৌরাজ বিষয়ক পদ গৌরচন্দ্রিকা নয়-আলোচনা করো ।

ঙ। শ্রীকৃষ্ণের বাল্যলীলা বাষয়ক পদ রচনায় বলরাম দাসের কৃতিত্ব লেখ/বাংল্য রস সৃষ্টিতে বলরাম দাসের কৃতিত্ব আলোচনা করো ।

চ। প্রার্থনা বলতে কি বোঝ ? এই পর্যায়ের পদ রচনায় বিদ্যাপতির অবদান লেখ ।

২। শাক্ত পদাবলী : একটি প্রশ্নের উত্তর দাও ১০

ক। ভক্তের আকৃতি বলতে কি বোঝ ? ভক্তের আকৃতি পর্যায়ের বৈশিষ্ট্য লেখ/ 'মাতৃচরণে শরণাগতি,মায়ের পায়েঅনন্ত নির্ভরতাই দুঃখ জয়ের সেরা উপায়'-আলোচনা করো ।

খ। আগমনী ও বিজয়া বিষয়ক পদ রচনায় কমলাকান্তের কৃতিত্ব লেখ/শাক্ত পদাবলী রচনায় কমলাকান্তে কৃতিত্ব লেখ ।

গ। শাক্ত পদাবলী অবলম্বনে কমলাকান্ত ভট্টাচার্য এবং রামপ্রসাদ সেনের কবি প্রতিভার একটি তুলনামূলক আলোচনা করো ।

ঘ। গিরিরাজ পুরুষ এবং গিরিরানী নারী বলেই তাদের সম্বন্ধ মেহের প্রকাশ ও চিন্তাধারাও ভিন্ন - আলোচনা করো ।

চ। শাক্ত পদাবলী অবলম্বনে দেবীর ঐশ্বর্য ও মাধুর্য রূপের পরিচয় দাও ।

৩। মুকুন্দ রাম চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল'(আখ্যেটিক খণ্ড): একটি প্রশ্নের উত্তর দাও ১০

ক। চণ্ডীমঙ্গল কাব্য অবলম্বনে ভাঁড়ু দত্ত চরিত্র সম্পর্কে আলোচনা করো ।

খ। চণ্ডীমঙ্গল কাব্য অবলম্বনে মুরারি শীল চরিত্র সম্পর্কে আলোচনা করো ।

গ। নায়ক কলকেতু চরিত্রের পরিচয় দাও/তাকে কি স্থানু বলা যায় ?

ঘ। গ্রন্থোৎপত্তির কারণ বা আত্মপরিচয় অংশে কবির সমাজ বাস্তবতার পরিচয় দাও ।

ঙ। চণ্ডীমঙ্গল কাব্যে দুঃখের প্রসঙ্গ থাকলেও কবিকে কি দুঃখবাদী বলা যায়, আলোচনা করো ।

৪। বৃন্দাবন দাসের 'চৈতন্য ভাগবত'(আদি খণ্ড): একটি প্রশ্নের উত্তর দাও ১০

ক। জীবনী সাহিত্য বলতে কি বোঝ ? চৈতন্য ভাগবত গ্রন্থকে কি জীবনী সাহিত্য বলা যায় , আলোচনা করো ।

খ। চৈতন্য ভাগবত গ্রন্থ অবলম্বনে তৎকালীন বঙ্গ সংস্কৃতির পরিচয় দাও/এই গ্রন্থের সমাজচিত্র ।

গ। চৈতন্য ভাগবত গ্রন্থ অবলম্বনে চৈতন্য মহাপ্রভুর পরিচয় দাও ।

ঘ। চৈতন্য ভাগবত গ্রন্থের আদি নাম কি ছিল ? এই নাম পরিবর্তন কতটা যুক্তিপূর্ণ আলোচনা করো ।

ঙ। চৈতন্য ভাগবত গ্রন্থের আদি খণ্ড অবলম্বনে বিষ্ণুপ্রিয়া চরিত্রের পরিচয় দাও ।

৫। যে-কোন দুটি উদ্ধৃতি/দুটি বিষয় সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো : ৫+৫=১০

ক। 'সই কে বা শুনাইল শ্যামনাম।'

খ। 'কলঙ্কী বলিয়া ডাকে সব লোকে

তাহাতে নাহিক দুখ।'

গ। 'কামিনী করিল বিধি তেঁই হে তোমারে সাধি।/নারীর জনম মম যন্ত্রনা সহিত।।'

ঘ। 'উঁই চারা খাই আমি নামেতে ভল্লুক।/নেউগী চৌধুরী নই না করি তালুক।।'

ঙ। 'পিপীড়ার পাখা উঠে মরিবার তরে।/কাহার ষোড়শী কন্যা আনিয়াছ ঘরে।।'

চ। 'নবদ্বীপ হেন গ্রাম ত্রিভুনে নাঞি।/যঁই অবতীর্ণা হৈলা চৈতন্য গোসাঞি।।'

ছ। 'নাম মাত্র ভেদ কহে হিন্দুরে যবনে।/পরমার্থ এক কহে কোরাণে পুরাণে।।'